



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
(পেট্রোবাংলা)
আইটি ডিপার্টমেন্ট

...

সভাপতি	মোঃ শাহীনুর ইসলাম পরিচালক (পিএসসি)
সভার তারিখ	২৮-১২-২০২৩
সভার সময়	সকাল ১১:০০ টা
স্থান	কমিটি রুম, পেট্রোবাংলা
উপস্থিতি	সংযুক্তি-১

বিষয়: পেট্রোবাংলা-এর ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী।

সংস্থার পরিচালক (পিএসসি) ও ইনোভেশন অফিসার মহোদয় সভার শুরুতে পেট্রোবাংলার ইনোভেশন টিমের সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা-এর ২য় কোয়ার্টার এ নির্ধারিত কার্যক্রমসমূহ সম্পর্কে অবহিত হন এবং ৩য় কোয়ার্টার-এ সময়াবদ্ধ কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য দিকনির্দেশনা প্রদান করেন। সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ে আলোচনা ও পর্যালোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ/ডিজিটাইজেশন-এর মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের বিষয়ে উল্লেখ রয়েছে। বর্ণিত প্রেক্ষাপটে উদ্ভাবনী ধারণা প্রাপ্তির লক্ষ্যে পেট্রোবাংলার সকলস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের নিকট হতে উদ্ভাবনী ধারণা আহ্বান করা হলে মাত্র ৯(নয়)টি ধারণা পাওয়া যায়। উল্লেখ্য যে, আলোচ্য কার্যক্রম আগামী ১৬-০৩-২০২৪ তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে সে বিষয়টি বিবেচনা করে পুনরায় উদ্ভাবনী ধারণা চেয়ে পেট্রোবাংলার সকলস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের নিকট পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়।

১.০। সিদ্ধান্ত: পেট্রোবাংলার সকলস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের নিকট হতে উদ্ভাবনী ধারণা আহ্বানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। কার্যব্যবস্থায়: ইনোভেশন টিম, পেট্রোবাংলা।

২। ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় বর্ণিত কার্যক্রম [৩.১.১] আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেজিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচনের বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ-এর পত্র নিয়ে সভায় আলোচনা করা হয়। উল্লেখ্য যে, ১৬-০৩-২০২৪ তারিখের মধ্যে উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ/ডিজিটাইজেশন-এর একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন পরবর্তী কর্মপরিকল্পনায় উল্লিখিত সময় এপ্রিল, ২০২৪ মাসের সুবিধাজনক সময়ে ইনোভেশন প্রদর্শনী (শোকেজিং) আয়োজনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

২.০। সিদ্ধান্ত: কর্মপরিকল্পনা অনুযায়ী এপ্রিল, ২০২৪ মাসে সুবিধাজনক সময়ে আওতাধীন সকল কোম্পানিসহ ইনোভেশন প্রদর্শনী (শোকেজিং) আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

কার্যব্যবস্থায়: ইনোভেশন টিম, পেট্রোবাংলা।

৩। ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুসারে পেট্রোবাংলা পর্যায়ে গঠিত ইনোভেশন টিম আওতাধীন কোম্পানিসমূহের কার্যক্রম পরিবীক্ষণ করবে। এছাড়া, আলোচ্য অর্থবছরে পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের ইনোভেশন প্রদর্শনী (শোকেজিং) এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ শীর্ষক কর্মশালা/সভা আয়োজনের বাধ্যবাধতা রয়েছে। আলোচ্য কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রমের যথাযথ পরিবীক্ষণ-এর নিমিত্ত পেট্রোবাংলা পর্যায়ে গঠিত ইনোভেশন টিম পেট্রোবাংলার আওতাধীন ন্যূনতম ২টি কোম্পানি সরেজমিনে পরিদর্শনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৩.০। সিদ্ধান্ত: পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের কর্মপরিকল্পনায় বর্ণিত বিভিন্ন কার্যক্রম সরেজমিনে পরিবীক্ষণ-এর নিমিত্ত পেট্রোবাংলা পর্যায়ে গঠিত ইনোভেশন টিম ন্যূনতম ২টি কোম্পানি আগামী মার্চ, ২০২৪ এর মধ্যে পরিদর্শনপূর্বক এবিষয়ে একটি প্রতিবেদন ইনোভেশন অফিসার বরাবর দাখিল করবে।

কার্যব্যবস্থায়: ইনোভেশন টিম, পেট্রোবাংলা।

সভায় অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ শাহীনুর ইসলাম
পরিচালক (পিএসসি)

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০৬৬.০৩.০০২.২০.৫৩

তারিখ: ১৬ পৌষ ১৪৩০

৩১ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (পিএসসি), পেট্রোবাংলা, ঢাকা।
- ২) মহাব্যবস্থাপক (নিরীক্ষা), পেট্রোবাংলা, ঢাকা।
- ৩) উপ-মহাব্যবস্থাপক (নির্মাণ), পেট্রোবাংলা, ঢাকা।
- ৪) ব্যবস্থাপক (নিরাপত্তা), সেবা বিভাগ, পেট্রোবাংলা, ঢাকা।
- ৫) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পেট্রোবাংলা, ঢাকা।
- ৬) ব্যবস্থাপক (ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট), পেট্রোবাংলা, ঢাকা।



মোঃ হাসনাত-ই-রাকী
উপ-ব্যবস্থাপক (সফটওয়্যার)